

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫০২

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার বক্তব্য "যখন তিনি বসে সালাত আদায় করতেন" এর দ্বারা উদ্দেশ্য হলো যখন তিনি বসে সালাত শুরু করতেন, তখন তিনি বসে রুকু' করতেন

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَ عَائِشَةَ: فَإِذَا صَلَّى قَاعِدًا رَكَعَ قَاعِدًا أَرَادَتْ بِهِ إِذَا افْتَتَحَ الصَّلَاةَ قَاعِدًا رَكَعَ قَاعِدًا

আরবী

2502 _ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا سَلْمُ بْنُ جُنَادَةَ قَالَ: حَدَّثَنَا وَكِيعٌ عَنْ يَزِيدَ بْنِ إِبْرَاهِيمَ التُّسْتَرِيِّ عَنِ ابْنِ سِيرِينَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقِ الْعُقَيْلِيِّ عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصلِّي قَائِمًا وَقَاعِدًا فَإِذَا افْتَتَحَ الصَّلَاةَ قَائِمًا رَكَعَ قَائِمًا وَإِذَا افْتَتَحَ الصَّلَاةَ قَائِمًا رَكَعَ قَاعِدًا.

الراوي: عَبْد اللَّهِ بْن شَقِيقٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2502 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (882): م.

বাংলা

২৫০২. আয়িশা রাদ্যাল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাঁড়িয়ে ও বসে দুইভাবেই সালাত আদায় করতেন। যখন তিনি দাঁড়িয়ে সালাত শুরু করতেন, তখন তিনি দাঁড়িয়ে রুকূ' করতেন আবার যখন তিনি বসে সালাত শুরু করতেন, তখন তিনি বসে রুকু' করতেন।[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৩০; সহীহ মুসলিম: ৭৩০; তিরমিযী: ৩৭৫; আবূ দাউদ: ১২৫১; নাসাঈ: ৩/২২০; ইবনু মাজাহ: ১২২৮।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৮৮২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন